

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

মহান 'বিজয় দিবস ২০২৫' উদ্‌যাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মো: মফিদুর রহমান সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
তারিখ ও সময়	:	২৮ অক্টোবর ২০২৫, দুপুর ১২.৩০ টা
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভাকক্ষ এবং ভারুয়াল প্ল্যাটফর্ম
সভায় উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট 'ক'


সভাপতি সভায় উপস্থিত এবং ভারুয়াল প্ল্যাটফর্মে যুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (অনুষ্ঠান) কার্যপত্র উপস্থাপন করেন। তিনি বলেন, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে গত ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মহান বিজয় দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি গ্রহণ করা হয়। গৃহীত কর্মসূচিসমূহ বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থাকে বাস্তবায়নের দায়িত্ব প্রদান করা হয়। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়কেও বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে অংশীজন হিসেবে রাখা হয়েছে। সভায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সাথে সংশ্লিষ্টতা রয়েছে এমন কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

২.০ সভায় মহান বিজয় দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে নিম্নরূপ কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	তারিখ ও বার	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	১৬-১২-২৫ মঙ্গলবার	১৬ ডিসেম্বর ২০২৫ তারিখ সকাল ৯.০০টায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণ কর্তৃক সভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থা
২.২	১৬-১২-২৫ (পতাকা বিধি অনুযায়ী)	সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থায় এবং আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ের অফিসে পতাকা বিধি অনুযায়ী জাতীয় পতাকা উত্তোলন (ত্রৈদিন সূর্যোদয়ের সাথে সাথে)।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা
২.৩	১৬-১২-২৫ (১৪-১২-২০২৫ তারিখ দিবাগত রাত ব্যতীত)	অফিস ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা
২.৪	১৬-১২-২৫ মঙ্গলবার	ক) দেশের সকল জেলা এবং উপজেলায় ৩(তিন) দিনব্যাপী আড়ম্বরপূর্ণ বিজয়মেলা (চারু, কারু ও স্থানীয়ভাবে উৎপাদিত শিল্প পণ্যের) আয়োজন। খ) দেশের সকল জেলা ও উপজেলা পর্যায়ে শিশুদের অংশগ্রহণে (সুবিধাজনক সময়ে) মুক্তিযুদ্ধভিত্তিক রচনা, আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।	ক) বাংলাদেশ শিল্পকলা একাডেমি, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন ও ৭টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রতিষ্ঠান। খ) বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রতিষ্ঠান (সকল)।
২.৫	১৬-১২-২৪ মঙ্গলবার	ক) জাদুঘরসমূহ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকিটে জনসাধারণের জন্য উন্মুক্ত রাখা। খ) বিনোদনমূলক স্থানসমূহ শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনের ব্যবস্থা করা।	ক) বাংলাদেশ জাতীয় জাদুঘর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন। খ) বাংলাদেশ জাতীয় জাদুঘর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন।

৩.০ উপরোক্ত কর্মসূচির আলোকে সকল দপ্তর/সংস্থা মহান বিজয় দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন করে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করবেন।

৪.০ সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত ও ভারুয়াল প্ল্যাটফর্মে যুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মো: মফিদুর রহমান
সচিব